



আজ থেকে ইসরায়েল-হিজবুল্লাহ যুদ্ধবিরতি কার্যকর: অ্যান্ড্রিওস



ছবি: সংগৃহীত

ইসরায়েল ও লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে বলে জানিয়েছেন এক জ্যেষ্ঠ মার্কিন কর্মকর্তা। আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোর খবরে বলা হয়েছে, শুক্রবার স্থানীয় সময় বিকেল ৪টা থেকে এই যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কথা রয়েছে। তবে চুক্তির শর্তাবলি সম্পর্কে বিস্তারিত কিছু জানানো হয়নি। এই ঘোষণার আগে শুক্রবার ভোর থেকে লেবাননের বিভিন্ন এলাকায় ইসরায়েলি হামলায় অন্তত ৩১ জন নিহত হওয়ার তথ্য জানিয়েছে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়। একই সময়ে দক্ষিণ লেবাননে হিজবুল্লাহর হামলায় চার ইসরায়েলি সেনা নিহত হওয়ার খবরও প্রকাশিত হয়েছে।

চার সেনা নিহত হওয়ার ঘটনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন ইসরায়েলের জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন গভির। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি লেবাননের বিরুদ্ধে আরও কঠোর সামরিক পদক্ষেপের আহ্বান জানান। একই ধরনের প্রতিক্রিয়া জানিয়েছেন দেশটির অর্থমন্ত্রী বেজলেল মোদ্দিচও। সংঘাতের মধ্যেই দক্ষিণ লেবাননের বেশ কয়েকটি এলাকায় ইসরায়েলি বাহিনীর উপস্থিতি অব্যাহত রয়েছে। এ বিষয়ে এখন পর্যন্ত সেনা প্রত্যাহারের কোনো ইঙ্গিত দেননি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু।

টানা কয়েক দিনের রক্তক্ষয়ী সংঘর্ষের পর যুদ্ধবিরতির ঘোষণা মধ্যপ্রাচ্যে উত্তেজনা কিছুটা কমাতে পারে বলে মনে করা হচ্ছে। তবে মাঠপর্যায়ে চুক্তি কতটা কার্যকর হবে এবং উভয় পক্ষ কতদিন তা মেনে চলবে, সে বিষয়ে অনিশ্চয়তা রয়ে গেছে।